শিরোনাম উগান্ডায় তেলবাহী ট্যাঙ্কারে আগুন, নিহত ২০

২০ আগস্ট ২০১৯ ১১:৩০

নতুন ধারার দৈনিক আমাদের সময়

advertisement


# ২০২৩ সালের মধ্যে প্রাথমিকের সব শিক্ষার্থী পাবে দুপুরের খাবার

নিজস্ব প্রতিবেদক

২০ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ২০ আগস্ট ২০১৯ ০০:৫৫

advertisement

Valueimpression



২০২৩ সালের মধ্যে দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের দুপুরের খাবার দেবে সরকার। গতকাল সোমবার এ সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ‘জাতীয় স্কুল মিল নীতি ২০১৯’ এর খসড়ার অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এদিন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার সাপ্তাহিক বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। এ ছাড়া বৈঠকে প্রতিবন্ধীদের জন্য বিশেষ শিক্ষা নীতিমালা-২০১৯ এর খসড়া এবং চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ^বিদ্যালয় ও মোংলা বন্দর কর্তৃপক্ষ আইনেরও নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। একই বৈঠকে অনুমোদন দেওয়া হয়েছে সরকারি মালিকানাধীন রুরাল পাওয়ার কোম্পানি লি.

## সর্বশেষ

- বাংলাদেশ-ভারত পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের দ্বিপাক্ষিক বৈঠক শুরু
- পাকিস্তানে ঢুকে যুদ্ধ করতে প্রস্তুত ভারতীয় সেনাবাহিনী
- সংবাদপত্রের নবম ওয়েজ বোর্ডের গেজেট প্রকাশে বাধা নেই
- কুমিল্লায় দুর্ঘটনায় প্রাণ গেল ২ জনের
- উগান্ডায় তেলবাহী ট্যাঙ্কারে আগুন, নিহত ২০
- অবশেষে ট্যানারির কাছে চামড়া বিক্রি শুরু
- বিদেশিদের কাছে কান্নাকাটি করছে বিএনপি
- সম্পর্ক আরও দৃঢ় করার বার্তা নিয়ে ঢাকায় জয়শঙ্কর
- বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীতে ২ দিনের কর্মসূচি
- এডিসের লার্ভা পাওয়ায় ১০ লাখ টাকা জরিমানা

সব খবর

X

যৌথ উদ্যোগে ‘বাংলাদেশ পাওয়ার ইকুইপমেন্ট ম্যানুফেকচারিং কোম্পানি লিমিটেড শিরোনামে যৌথ মালিকানাধীন কোম্পানি গঠনেরও।

তেজগাঁওস্থ প্রধানমন্ত্রীর কার্যালয়ে গতকালের বৈঠক শেষে সচিবালয়ে ফিরে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম প্রেস ব্রিফিংয়ে এসব তথ্য জানান। প্রায় দুমাস পর গতকাল মন্ত্রিসভার নিয়মিত বৈঠক অনুষ্ঠিত হলো।

জাতীয় স্কুল মিল নীতিমালা : মন্ত্রিপরিষদ সচিব জানান, বর্তমানে ১০৪ উপজেলায়

প্রকল্পের মাধ্যমে স্কুল ফিডিং (বিস্কুট বিতরণ) চালু আছে। এবার সব সরকারি প্রাথমিক বিদ্যালয়েই স্কুল ফিডিং চালু করতে চায় সরকার। বর্তমানে ৬৬ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ কোটি ৪০ লাখ শিক্ষার্থী রয়েছে। নীতিমালার খসড়া অনুযায়ী, ২০২৩ সালের মধ্যে দেশের সব সরকারি প্রাথমিকে শিশুদের দুপুরের খাবার দেওয়া হবে। প্রাক-প্রাথমিক ও প্রাথমিকের ৩ থেকে ১২ বছর বয়সী শিক্ষার্থীদের

X

মোহাম্মদ শফিউল আলম জানান, একটি শিশুর শরীরে প্রতিদিন যে পরিমাণ শক্তি প্রয়োজন, তার অন্তত ৩০ শতাংশ স্কুল মিল থেকে যেন আসে, তা নিশ্চিত করা হবে। প্রতিদিনের খাবারে বৈচিত্র্য আনতে পুষ্টিচাল, ডাল, পুষ্টিতেল, স্থানীয়ভাবে উৎপাদিত বিভিন্ন মৌসুমি তাজা সবজি, ফল এবং সম্ভাব্য ক্ষেত্রে ডিম দিয়ে খাবার রান্না করা হবে। অভিভাবক ও স্থানীয় জনগণের সঙ্গে পরামর্শ করে খাবারের মেনু ঠিক করা হবে। প্রতিটি শিশুর জন্য দুপুরের খাবার বাবদ বরাদ্দ থাকবে ২০ থেকে ২২ টাকা।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) গিয়াস উদ্দিন প্রেস ব্রিফিংয়ে জানান, যেসব স্কুলে রান্না করা খাবার দেওয়া হচ্ছে সেখানে উপস্থিতির হার বেড়েছে ১১ শতাংশ আর শুকনো খাবার (বিস্কুট) দেওয়া স্কুলগুলোতে বেড়েছে ৬ শতাংশ। এসব প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের রক্তস্বল্পতার হার কমেছে যথাক্রমে ১৬ দশমিক ৭ ও ৪ দশমিক ৭ শতাংশ; ঝরে পড়ার হারও কমেছে ৬ দশমিক ৬ শতাংশ।

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি

X

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ^বিদ্যালয় স্থাপন নিয়ে মন্ত্রিপরিষদ সচিব জানান, এটি দেশের অন্যান্য বিজ্ঞান ও প্রযুক্তি বিশ^দ্যিালয়ের আদলেই গঠন করা হবে। একজন উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ থাকবেন। তাদের নিয়োগ দেবেন রাষ্ট্রপতি। ১৩ সদস্যের একটি সিন্ডিকেট থাকবে। এই সিন্ডিকেট প্রতি দুই মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবে। বিশ^বিদ্যালয়ের সাচিবিক দায়িত্ব পালন করবেন রেজিস্ট্রার।

মোংলা বন্দর কর্তৃপক্ষ আইন ২০১৯

এটি চালনা বন্দর হিসেবে ১৯৭৬ সালের অর্ডিন্যান্সে প্রতিষ্ঠিত হয়। পরে ১৯৮৭ সালে মোংলা বন্দর নামকরণ করা হয়। আগের অর্ডিন্যান্স পরিবর্তন করে যুগোপযোগী করা হয়েছে। আদালতের নির্দেশনা অনুযায়ী, সামরিক সরকারের অধ্যাদেশগুলোকে আইনে পরিণত করা হয়েছে। এরই অংশ হিসেবে এই আইন তৈরি হচ্ছে বলে জানান মন্ত্রিপরিষদ সচিব। তিনি বলেন, একজন চেয়ারম্যানসহ সাতজনের একটি বোর্ড থাকবে বন্দর পরিচালনার জন্য। আইনের ১৩ ধারায় বলা

পারবে। আইনের ১৯ ধারায় বন্দর পরিচালনার জন্য অপারেটর নিয়োগ বিধি সংযোজন করা হয়েছে। আইনের ৪০ ধারায় বলা হয়েছে, আইনের বিধিবিধান কেউ অমান্য করলে সর্বোচ্চ ছয় মাসের জেল বা দুই লাখ টাকা জরিমানা, অথবা উভয় দে- দ-িত করা যাবে। জাহাজ থেকে অপসারিত বর্জ্যরে (ছাই, তেল ইত্যাদি) কারণে সমুদ্র বা নদীর পানি, পরিবেশ বা জলজ প্রাণীর ক্ষতি হলে সর্বোচ্চ এক বছরের জেল, পাঁচ লাখ টাকা জরিমানা, বা উভয় দ- দেওয়া যাবে। আইনের বিধান লঙ্ঘন করে কেউ টোল বা মাসুল ফাঁকি দিলে সর্বোচ্চ এক মাসের বিনাশ্রম কারাদ- অথবা এক লাখ টাকা জরিমানা বা উভয় দ- দেওয়া যাবে। এই আইনের আওতায় অন্যান্য অপরাধ ফৌজদারি কার্যবিধি (সিআরপিসি) অনুযায়ী বিচার হবে।

বাংলাদেশ প্রকৌশল গবেষণা আইন

বাংলাদেশ প্রকৌশল গবেষণা আইন, ২০১৮ এর বিধানাবলি সার্বিকভাবে পরীক্ষা নিরীক্ষা করে তা পুনর্গঠনের লক্ষ্যে ইতিমধ্যে মন্ত্রিসভা গঠিত কমিটি

X

নিরীক্ষার জন্য গত সরকারের চার জন প্রকৌশলী মন্ত্রীকে নিয়ে এই কমিটি গঠন করা হয়েছিল।

প্রতিবন্ধীদের জন্য বিশেষ শিক্ষা নীতিমালা

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (এনডিডি) সম্পর্কিত সমন্বিত/বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯' এবং 'নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (এনডিডি) ব্যতীত প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত/বিশেষ শিক্ষা নীতিমালা, ২০১৯'-এর খসড়ায় অনুমোদন দেওয়া হয়। এই নীতিমালা চূড়ান্ত হলে মূল ধারার স্কুলের সঙ্গে সমন্বয় করে প্রতিবন্ধীদের জন্য স্কুল চালাতে হবে। যত্রতত্র মানহীন স্কুল প্রতিষ্ঠা বন্ধ করতেই এই নীতিমালা তৈরি করছে সরকার।

এ নীতিমালায় একটা ব্যবস্থাপনা কমিটি করার কথা বলা হয়েছে। জেলা পর্যায়ে স্থাপিত বিদ্যালয়ের জন্য জেলা প্রশাসক বা প্রতিনিধি নিয়ে ১৩ জনের একটা কমিটি আর উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার নিয়ে একইভাবে ১৩ জনের একটা প্রতিনিধি। এ ছাড়া ক্যান্টনমেন্ট এলাকায় সংশ্লিষ্ট ব্রিগেডিয়ার জেনারেল, কর্নেল বা সমমর্যাদার

শিক্ষককে নিয়ে ১৩ জনের কমিটি।

পাওয়ার ইকুইপমেন্ট ম্যানুফেকচারিং কোম্পানি

সরকারি মালিকানাধীন আরপিসিএল এবং শেনজান স্টার ইনস্ট্রুমেন্ট কোম্পানিÑ এ দুটি প্রতিষ্ঠানের উদ্যোগে একটি জয়েন্ট ভেঞ্চার কোম্পানি করা হবে। এ কোম্পানি বিদ্যুতের প্রিপেইড মিটার উৎপাদন করবে। কোম্পানির অনুমোদিত মূলধন চার কোটি টাকা। আর পরিশোধিত মূলধন তিন কোটি ৬০ লাখ টাকা।

স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড

বাংলাদেশ কম্পিটার কাউন্সিলের আওতায় ‘স্টার্টআপ বাংলাদেশ লিমিটেড’ শীর্ষক কোম্পানি গঠন করবে সরকার। এই কোম্পানি আইসিটি খাতে উদ্যোক্তা তৈরিতে আর্থিক সহায়তা বা ঋণ দেবে। এর শেয়ার মূলধন হবে ৫০০ কোটি টাকা। প্রতি শেয়ারের মূল্য ১০ টাকা। ২০০ কোটি টাকা নিয়ে শুরু হবে যাত্রা।

advertisement

x

কুকুরের সংকেতে প্রাণ বাঁচল যুবকের

২২ বছর পর গ্রেপ্তার ধর্ষণ মামলায়

**Is this "wigu" really a turtle**
France 24

শূকরের মাংস, চর্বি, হাড় দিয়ে তৈরি

সৌদি আরব থেকে কিশোরীর

তিনদিন আটকে রেখে ‘ধর্ষণ’ :

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার
১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪
ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার দৈনিক আমাদেরসময়
© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯
Privacy Policy

X